

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ **গেজেট**  
অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৭, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

### আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, “মেসার্স-আরএইচ ট্রেড ইন্টারন্যাশনাল” রেজি নং-পি- ৩৮৭৯০/২০১৬, তারিখ: ১৮-০৪-২০১৬ইং। গত ২২-০৩-২০২১ইং তারিখের সভায় ফার্মের অংশীদার জসিম মাহমুদ তাহার সমুদয় অর্থাৎ ১০% শেয়ার নতুন অংশীদার জনাবা আরজু আক্তার এর নিকট হস্তান্তর করিয়া প্রতিষ্ঠান থেকে অব্যাহতি নিয়াছেন এবং অপর অংশীদার জনাব মোঃ জহিরুল ইসলাম তাহার ৯০% শেয়ারের মধ্যে ৩০% শেয়ার নতুন অংশীদার জনাবা আরজু আক্তার ও ৫০% শেয়ার নতুন অংশীদার জনাব মোহাম্মদ হানিফ এর নিকট হস্তান্তর করিয়াছেন এবং অবশিষ্ট ১০% শেয়ার নিজ নামে রেখে বর্তমানে অংশীদার হিসাবে রয়েছেন। বর্তমান অংশীদারদের লাভ-ক্ষতির অংশ জনাবা আরজু আক্তার ৪০%, জনাব মোহাম্মদ হানিফ ৫০% এবং জনাব মোঃ জহিরুল ইসলাম ১০% শেয়ারের মালিক। ২২-০৩-২০২১ইং তারিখ হইতে অংশীদারী ফার্মটি পুনঃগঠিত (Reconstituted) হইয়া পরিচালিত হইতেছে। বিদায়ী অংশীদারের সহিত কোনো প্রকার লেনদেন করিলে নিজ দায়িত্বে করিবেন, তাহাতে উক্ত প্রতিষ্ঠান দায়ী থাকিবে না। এছাড়া উক্ত সভায় অত্র ফার্মের নিবন্ধিত ঠিকানা- জি-ন্যাট টাওয়ার (৭ম তলা), ১১৬-১১৭ টিআইটি এক্সটেনশন রোড, ঢাকা-১০০০ হইতে রুম নং-৪, ৪৬/এ রাজমনি স্কয়ার, আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০ এ স্থানান্তর করা হয়। অতএব উক্ত পুনঃগঠন সম্পর্কে কারো কোনো আপত্তি বা পরামর্শ থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫(পনের) দিনের মধ্যে বর্তমান ব্যবস্থাপনা অংশীদার জনাবা আরজু আক্তার এর সহিত যোগাযোগ করিতে অনুরোধ করা হইল।

আরজু আক্তার  
ব্যবস্থাপনা অংশীদার  
মেসার্স-আরএইচ ট্রেড ইন্টারন্যাশনাল।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২৪৮৭)

মূল্য : টাকা ৪.০০